



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং : ০৩

তারিখ : ১৬ মাঘ ১৪৩০
৩০ জানুয়ারি ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

ব্যাংক কোম্পানির ধারণকৃত 'বাংলাদেশ সরকার স্পেশাল পারপাস বন্ড'-এর
ফাইন্যান্সিয়াল ও রেগুলেটরি রিপোর্টিং প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ সরকার কর্তৃক সার ও বিদ্যুতের ভর্তুকি বাবদ বিভিন্ন ব্যাংক কোম্পানির অনুকূলে ইস্যুকৃত 'বাংলাদেশ সরকার স্পেশাল পারপাস বন্ড'-এর ফাইন্যান্সিয়াল ও রেগুলেটরি রিপোর্টিংয়ের ক্ষেত্রে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

- আলোচ্য স্পেশাল পারপাস বন্ড প্রাইমারি ডিলার ব্যাংকের ন্যূনতম Held-for-Trading সিকিউরিটিজ হিসাবায়নের ক্ষেত্রে ব্যাংকের ধারণকৃত মোট সিকিউরিটিজ হিসাবায়নের বাইরে থাকবে; এবং
- আলোচ্য স্পেশাল পারপাস বন্ড নন-প্রাইমারি ডিলার ব্যাংকের Held-to-Maturity পোর্টফোলিও-এর সর্বোচ্চ সীমা নির্ধারণ সংক্রান্ত হিসাবায়নের বাইরে থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এই নির্দেশনা জারি করা হলো। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে। এছাড়া, এতদসংশ্লিষ্ট ডিওএস সার্কুলার লেটার নং-৫/২০০৮, ডিওএস সার্কুলার লেটার নং-৫/২০০৯ ও ডিওএস সার্কুলার লেটার নং-২৭/২০২৩-এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাসুমা সুলতানা)
পরিচালক (ডিওএস)
ফোন : ৯৫৩০০৯৩